# আমার ছেলে পড়াশুনা করছে না ডাক্তার বাবু?



*ডাঃ অঞ্জন ভট্টাচার্য্য*

*কনসালট্যাণ্ট ডেভেলপ্‌মেণ্টাল পেডিয়াট্রিশিয়ান*

*অ্যাপোলো গ্লেনিগল্‌স হসপিটাল*

*শারীরিক রোগের  একটি লক্ষণ হল জ্বর হওয়া। জ্বর নানান কারনে হয়। আসলে রোগটি ম্যালেরিয়াও হতে পারে, টাইফাইয়েড ও হতে পারে, আবার ডেঙ্গু ও হতে পারে। এ ছাড়াও হাজার রোগের কারণে জ্বর হতে পারে।*

- *শুধু মাত্র জ্বরের বড়ি খাইয়েই যদি সব ম্যালেরিয়া, টাইফায়েড ও ডেঙ্গু সারানোর চেষ্টা করা হত, অথবা তার সাথে কুইনিনের পাঁচন গিলিয়েই যদি সব জ্বর কমিয়ে দেওয়া যেত তাহলে কি ভালই না হত।*
- *জ্বরের সঠিক কারণ নির্ণয় না করে হাতুড়েপনা যেরকম জীবনঘাতী হয়ে উঠতে পারে,তেমনই দুশ্চিন্তা  থেকে যায় শিশুদের পড়াশুনা করতে না পারার পেছনে যে কারণ রয়েছে তার যথাযথ মূল্যায়ন না করায়।*
- *জ্বর যেমন শারীরিক রোগের একটি লক্ষন, তেমনই পড়াশুনার সমস্যা একটি লক্ষন এক ধরনের রোগের।*

- পড়াশুনার সমস্যা ( Poor Scholastic Performance) হওয়ার কারণ বিবিধ। সে কথায় পরে আসছি। একটি গুরুত্ব পুর্ন কারণ হল পড়াশুনার অক্ষমতা বা Learning Disability.
- Learning Disability হতে পারে General অথবা Specific.
  1. General Disability শুধু পড়াশুনাতেই অক্ষমতা হিসাবে দেখা দেয় না, ম্যাচউরিটির অভাব ঘটে অন্যান্য কাজ কর্মেও।
  2. Specific Learning Disability বা SPLD তে পড়াশুনার অক্ষমতার বহিঃ প্রকাশ ঘটে কোন একটি বিশেষ বিষয়ে বিকালাঙ্গতা জনিত।
- Dyslexia তে যেমন লিখিত শব্দ ব্রেনের বিশেষ অংশ পড়ে বুঝতে পারেনা, Dysgraphia তে সেই বিকালাঙ্গ তাই আসে ব্রেনের যে অংশ হাতের লেখা নির্ণয় করে সেক্ষেত্রে। আবার Dyscalculia তে ব্রেন অপারঙ্গম হয় নম্বর নিয়ে কাজ করতে। সেক্ষেত্রে সে অঙ্ক করতে গিয়ে অসুবিধায় পড়ে যায়। টাইফায়েড যেমন হাতুড়ের পাঁচন দিয়ে কমবে না, তেমনই পড়াশুনার সমস্যা কে ও সঠিক ভাবে নির্ণয় না করে শুধু এক গাদা টিউটর রাখলে মোটেই তা ভালো হবে না।
- Dyslexia যেমন ব্রেনের নিদ্দির্ষ্ট কেন্দ্রে, যেমন – Phoneme Producer, word analyzer, word automatic processor নাম্নী অংশ গুলোর যথাযথ ভাবে কাজ না করার ফল, গবেষণায় আরও দেখা যাচ্ছে যে অক্সিপীটাল লোবে (Occipital lobe) ভিস্যুয়াল (visual) ডিকোড(Decode) করার সমস্যা বা (Magno cellular Gyrus of lateral geniculate nucleolus.) বা Solar auditory Specific বা Dyslexia তে গড় পয়েন্ট 0.1sec হয় স্বাভাবিক মানুষের 0.04sec তুলনায়। যে কারনে Dyslexia থাকা শিশুকে খিট খিট করলে কোন লাব নেই, তেমনই কোন লাব নেই পাঁচজন টিউটর রেখে, লাভ যা থাকার তা আছে বৈজ্ঞানিক সুচিকিৎসায়।

- Dysgraphia র ক্ষেত্রেও একই কথা বলা যায় -Caudate nucleus, Thalamus Spino Cerebellar Track নাম নিয়ে ব্রেনের অংশাবলিতে সমস্যা দেখা দিলে গাধা পিটিয়ে ঘোড়া করার পদ্ধতি ব্যবহার করা অকারনেই নানা পদ্ধতি ধারন করতে পারে। বরং লিখতে না চাওয়া বা খারাপ হাতের লেখার সমস্যা দেখা দেওয়ার সাথে সাথেই সেই সমস্যা মেটানোর যথাযথ বন্দো বস্ত করলে শিশুটি লেখাপড়া করার একটি সুযোগ পায়।
- উপরুক্ত পড়াশুনার সমস্যাগুলি (Specific Learning Disability) জন্মগত কারনে হওয়া সম্ভব। যে ক্ষেত্রে পরিবারের আর কারোর এই জাতীয় সমস্যা আছে, তাদের বলে Developmental SLD. আর Acquired SLD হতে পারে জন্মেই কাঁদল না, ব্রেনে অক্সিজেনের অভাব হল, শৈশবে খুব হাই জন্ডিস হল, এপীলেপশী (Epilepsy) রোগ হল বা মস্তিস্কে জোরাল আঘাত জনিত কারণে।
- বিজ্ঞান সম্মত পদ্ধতিতে SLD চিকিৎসা হলে এই ধরনের নানা কারনের ব্যাপারে যত্ন সহকারে খোঁজ খবর করবেন আপনার সোনামণির ডাক্তারবাবু। একে বলে Detailed Developmental History taking.
- Learning Disability বা Poor Scholastic Performance যেহেতু নানা কারণে হতে পারে সেহেতু তা নির্ণয় করা বিজ্ঞান সম্মত পদ্ধতিতে ব্যবহার করা বাঞ্ছনীয়। আন্তজাতিক যে স্ট্যান্ডাড পদ্ধতি আছে তার ব্যবহারে সবথেকে স্বল্প খরচেই সব থেকে তাড়াতাড়ি হওয়া সম্ভব। অধিকাংশ ক্ষেত্রেই এ বিষয়ে বিশেষজ্ঞের পক্ষে তা সম্ভব। যদিও আর পাঁচটা রোগের মত সর্বক্ষেত্রে তা সম্ভব না, যেমন অধিকাংশ ক্ষেত্রেই জ্বরের কারণ তাড়াতাড়ি নির্ণয় করেন ডাক্তারবাবুরা তেমন সব জ্বর সবসময় নির্ণয় করা যায় না।

- পড়াশুনার অধিকাংশ ক্ষেত্রে Detailed History taking এর পরে এ বিষয়ে বশেষজ্ঞরা জানতে চাইবেন শিশুটির General Developmental Label বা বোদা বাংলায় যাকে এক কথায় বুধাঙ্কের পরিমাপ বলে।
- যদি দেখা যায় শিশুটির মনের বয়স তার জন্মগত শারীরিক বয়সের তুলনায় কম তখন তার চিকিৎসা হবে General Learning Delay চিকিৎসা পদ্ধতি অনুযায়ী।
- যদি বিজ্ঞান সম্মত পরিমাপে দেখা যায় শিশুটির মনের বয়স ও শারীরিক বয়সের মধ্যে কোন ব্যবধান নেই তখন সেই টেস্ট ব্যাটারি ব্যাবহার করতে হবে যার সাহায্যে Specific Learning Disability সনাক্ত করা সম্ভব।
- Assessment এর এই পুরো সময়টা জুড়ে ডাক্তারবাবু নজর রাখবেন সনাক্ত করতে আপনার শিশুটির মধ্যে কোন রকম Neuro Disability, Neuro psychiatric problem বা syndromic লক্ষণাবলীর উদয় হচ্ছে কিনা, যেমন- Baten's Discase, wilson's Discase,, Fragile – x Syndrome বা Non convulsive status বা Epilepticus জাতীয় খটমট নামের কয়েক হাজার বিরল রোগের যে কোন একটি থাকলেই আপনার শিশুর ক্রমাগত লেখা পড়ায় পিছিয়ে পড়তে পারে।
- অনেক সময়েই General Learning Delay, Specific Learning Disability র সাথে সহাবস্থান করে। যেমন মনে করুন একটি সাত বছরের বাচ্চার বুদ্ধাঙ্কের পরিমাপ করে দেখা গেল সাড়ে ৪ বছরের বাচ্চার মতো। আবার সেই বাচ্চাটি সাড়ে ৪ বাচ্চার অনুযায়ী Specific Learning Developmental Assessment দেখাল যে সে এট রিস্ক (At Risk) ডিসগ্রাফিয়ার (Disgraphia) প্রকোপে, সেক্ষেত্রে সে সব রোগের General Learning Delay র চিকিৎসা করলে শিশুটির

পরিপূর্ন ভাবে সুস্থ করতে পারবেন না যতক্ষণ না ডিসগ্রাফিয়া (Dysgraphia) চিকিৎসা পদ্ধতি ও সাড়ে চার বছরের বাচ্চার মত সাথে সাথে শুরু না করা যায়।

- যে কোন বিকাশ জনিত সমস্যার ত্রিমূল প্রয়োজন শিশুর চোখ, কান ও দাঁতের পুর্ন সুস্থতা। একে বলে হেল্থ প্রমোশন। বিদেশে প্রতিটি সুস্থ শিশুরই Health Promotion করা হয়, কোন সমস্যা নিয়ে ডাক্তারের কাছে এলে তো কথাই নেই, তবে অত্যান্ত গুরুত্বপূন্য হল শিশুদের আলাদা চোখের ডাক্তার, আলাদা দাঁতের ডাক্তার এবং শিশুদের যারা অডিওলজি করার পারঙ্গম শুধু তাদের দিয়েই যেন এই গুরুত্বপুণ্য নির্ণয় গুলো করা হয় তা দেখা উচিত।
- যেমন আমাদের কাছে সেরিব্রালপলসির বাচ্চা এসেছে অনভিক্ষ সেন্টারে করা স্বাভাবিক বেরা টেস্ট করা রেজাল্ট নিয়ে অথচ দেখা গেছে তার মডারেট সিফিয়া হাই ফিকিউয়েন্সি সেন্সারি হেয়ারিং লস বা বধিরতা হয়েছে এত অবদি ধারনা পাওয়া দরুন যার কোন চিকিৎসাই করা হয়নি, বিগত কয়েক বছর ভালো করে শুনতে না পাওয়ায় বাচ্চাটি পড়াশুনা শিখবে কি করে। সেরিব্রালপলসি্ আছে অর্থাৎ তার বুদ্ধি স্বাভাবিক থাকার কথা অথচ তার পড়াশুনার বিকাশ হচ্ছিল না যেহেতু তার কানে শোনার সমস্যা সঠিক জায়গায় নির্ণয় না করায় অনিয়মিত থেকে গেছে।
- তেমনই চোখে ভালো না দেখার দরুন লেখা পড়ায় অসুবিধা হওয়া শিশু বুঝতে বা বলতে নাও পারে বা দাঁতের শিরশিরানিতে ক্লাসের পেছনে চুপটি করে বসে থাকতে ও পারে, এদের হেল্থ প্রমোশনের (Health Promotion) ফলে সমস্যার সমাধান খুব সহজে মিটিয়ে ফেলা যায়। শুধু দরকার যথেষ্ট গুণগত মান সম্পন্ন সনাক্তকরণে কেন্দ্র এবং হাতুরে পনার বদলে সহজ লব্ধ উন্নত বিজ্ঞানের পূর্ণ শত ব্যাবহার করা।

- Child Development Center Apollo Gleneagles Hospital এমনই এক কেন্দ্র যেখানে আপনার শিশুটি পারে একই ছাঁদের নিচে শিশু বিকাশ বিজ্ঞানের তত্ত্বাবধানে আপনার শিশুটিকে আন্তজার্তিক মান সম্পন্ন বিকসিত করার সুযোগ।
- আপনার নিজও সন্তানের কষ্ট বুঝুন, তাঁকে তার জীবনের সমস্যা কাটিয়ে পুণ্য বিকশিত হতে সাহায্য করুন। নির্বোধের সারবেনা, আপনার ছেলের "দুষ্টমী" করে পড়াশুনা করছে না, অল্প বয়সে শিশুটির সমস্যা সনাক্ত করা (Early Detection) হল আসল সমাধানের Early Intervention সু - বন্দ বস্ত হওয়া সম্ভব প্রায় স্বল্প খরচে। ভালো করে পড়াশুনা করতে শিখুক আপনার সোনামণি বিজ্ঞানের সহায়তায়।